গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৭.২০-১৬৫৮

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০
০৮ নভেম্বর ২০২৩

**বিষয়: পটুয়াখালী জেলার গলাচিপা পৌরসভায় শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র প্রদান।**

সূত্র: গলাচিপা পৌরসভার স্মারক নং- গলা/পৌর/প্রশা/২০২৩/২৩০, তারিখ: ৩০ আগস্ট ২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে পটুয়াখালী জেলার গলাচিপা পৌরসভার অনুকূলে নিম্নোক্ত ৫ (পাঁচ) টি শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র নির্দেশক্রমে প্রদান করা হলো:

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা |
|---|---|---|
| ১. | নক্সাকার | ১ (এক) |
| ২. | সার্ভেয়ার | ১ (এক) |
| ৩. | কার্য্য সহকারী | ১ (এক) |
| ৪. | নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক | ১ (এক) |
| ৫. | দারোয়ান | ১ (এক) |
| | মোট | ৫ (পাঁচ)টি |

শর্তাবলী:

১. পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ (সর্বশেষ সংশোধনীসহ) ও এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান এবং স্থানীয় সরকার বিভাগের ০৩ অক্টোবর ২০১১ খ্রি: তারিখের ৪৬.০৬৩.০৩১.০৮.০০.০০২.২০১১-১১৭৫ নং স্মারকের নির্দেশনা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।
২. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত জনবল নিয়োগ করা হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট পৌরসভা দায়ী থাকবে।
৩. সাংগঠনিক কাঠামোতে বর্ণিত পদনাম, বেতন গ্রেড অনুসরণপূর্বক প্রতি পদের বিপরীতে মঞ্জুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটিলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
৪. পদসমূহ পূরণের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ৬(ছয়) মাস এবং উক্ত মেয়াদের মধ্যে নির্ধারিত বাছাই কমিটি কর্তৃক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;
৫. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ নীতিমালা ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৬. নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করে ১৫(পনের) দিনের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে;
৭. পদসমূহ পূরণ করার ক্ষেত্রে কমপক্ষে বহুল প্রচারিত ২(দুই)টি জাতীয় দৈনিক পত্রিকায় ও অফিসিয়াল ওয়েবসাইটে বিজ্ঞপ্তি জারি করতে হবে।
৮. ছাড়পত্র প্রদানকৃত পদে কোন প্রকার দৈনিক হাজিরা ভিত্তিক নিয়োগ বা অস্থায়ী নিয়োগ প্রদান করা যাবে না।

০৮।১১।২০২৩

মো: আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল-lgpaura1@lgd.gov.bd

মেয়র
গলাচিপা পৌরসভা, পটুয়াখালী

**অনুলিপি:**

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. জেলা প্রশাসক, পটুয়াখালী
৪. উপসচিব (পৌর-২),স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)